

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ  
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০

e-mail: dmer@dfgd.gov.bd  
tel: ৯৯৯ ৬৬৬৬৬৬

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৮.২৭৫(২)

তারিখ : ০২/০৪/২০১৮ খ্রিঃ

প্রাপক : ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর।

২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা

বিষয় : সড়ক পথে ৬৫০০ মেটন আমন'১৭-১৮ সিদ্ধ চালের চলাচল উপ-সূচি।

সূত্র : চসসা বিভাগের ২৭৪ খ্রিঃ তারিখের ০২/০৪/২০১৮ নং স্মারক।

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের সূত্রস্থ স্মারকে জারীকৃত মূল সূচির প্রেক্ষিতে সড়কপথে বরাদ্দকৃত ৬৫০০ মেটন সংগৃহীত আমন'১৭-১৮ সিদ্ধ চালের অপর পৃষ্ঠায় বর্ণিত ঠিকাদারওয়ারী চলাচল উপ-সূচি নির্দেশক্রমে জারী করা হলো।

পরিবহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলী পালনীয় :-

- ১। সূচির বিপরীতে প্রেরিতব্য চাল সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত চালের মৌসুম, গুণগতমান ও অর্দ্রতা সু-স্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানি বিশেষ তদরকী/নজরদারীতে চাল প্রেরণ করতে হবে।
- ২। প্রতি ট্রাক প্রেরিত চালের নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে।
- ৩। কীট আক্রান্ত এবং নিম্নমানের কোন চাল প্রেরণ করা যাবে না।
- ৪। মাত্রাতিরিক্ত পরিবহণ ঘাটতির মূল্য আদায়ের ব্যবস্থা করতে হবে এবং ইনভয়েসের ফেরত কপি প্রেরকের নিকট যথাসময়ে পাঠাতে হবে।
- ৫। প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি এবং ভি-ইনভয়েস মনিটরিং করবেন এবং সপ্তাহ শেষে অত্র দপ্তরে প্রতিবেদন প্রেরণ করবেন।
- ৬। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদার ভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত ও জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষর পূর্বক ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৭। সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক / জেলা খাদ্য নিয়ন্ত্রক / সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা/ ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ সূচি অনুযায়ী চাল প্রেরণ এবং গন্তব্যস্থানে মালামাল যথাযথভাবে পরিবহণ ও প্রাপ্তি মনিটরিং করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৮। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ তার অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অবশ্যই অনুলিপি দিয়ে অবহিত করবেন।
- ৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদার ভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ১০। এই সূচির মেয়াদ আগামী ১২/০৪/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- ১১। সূচির নির্ধারিত তারিখের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে পরবর্তীতে আত্মহী ঠিকাদারের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

১৮৮

(মোঃ মিজানুর রহমান)

উপ-পরিচালক (চপরেস)

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ।


খাদ্য অধিদপ্তর, ঢাকা।

তারিখ : ০২/০৪/২০১৮ খ্রিঃ

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৮.২৭৫/২(২০০)

অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য।

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, সববি/হিসাব ও অর্থ/সংগ্রহ/ আই, ডি, টি, এস বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, .....।
- ৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৭। ব্যবস্থাপক, তেজগাঁও/দেওয়ানহাট/সান্তাহার সিএসডি।
- ৮। ম্যানেজার, (অপারেশন), বিআরটিসি, ট্রাক ডিপো, তেজগাঁও, ঢাকা।

  
উপ-পরিচালক (চপরেস)

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ।

১৮৮  
২১/৪/১৮

